আলমডাঙ্গা বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিদায় সংবর্ধনা

আলমডাঙ্গা বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিন জাহানের বিদায় সংবর্ধনা অনুষ্টিত।নিজে কাঁদলেন,অন্যদের কাঁদালেন।

জানাগেছে, আলমডাঙ্গা বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিন জাহান দীর্ঘ ৩০ বছরের অধিক কাল একই স্কুলে চাকরি শেষে আজ অবসর গ্রহন করায় তাকে স্কুলের পক্ষ থেকে বিদায় সংবর্ধনা জানানো হয়েছে। মোছাঃ শিরিন জাহান দীর্ঘ চাকরি জীবনের ৩২ বছর বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক হিসেবে চাকরি করে রেকর্ড গড়েছেন। স্কুলের শিক্ষার্থী, অভিভাবক,ম্যানেজিং কমিটির সদস্য বৃন্দ সকলে তাকে শ্রদ্ধার চোখে দেখতেন। বন্ডবিল গ্রামের সকলের শ্রদ্ধার পাত্র আওরঙ্গজেব মোল্লা টিপু অত্র স্কুলের সভাপতি হিসেবে বহুদিন দায়িত্ব পালন করেছেন। তার দায়িত্ব কালে প্রাথমিক বিদ্যালয়টি অষ্টম শ্রেনী পর্যন্ত উন্নিত করা হয়েছিল।

আজ রবিবার বন্ডবিল স্কুল কমিটি ও শিক্ষক মন্ডলি প্রধান শিক্ষক শিরিন জাহানকে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

স্কুলের সহকারি শিক্ষক আব্দুল মজিদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্কুল কমিটির সভাপতি ও উপজেলা সহকারি শিক্ষা অফিসার হুমায়ন কবির। সহকারি শিক্ষক পুবন কুমার সাধুখার উপস্থাপনায় সংবর্ধিত অথিতি শিরিন জাহান বলেন আমি চাকরি জীবনের বেশির ভাগ সময় বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কাটিয়ে দিয়েছি। শিক্ষকতা পেশা এমন একটা পেশা,যে পেশায় ছোট ছোট মানুষের মাঝে নিজেকে বিলিয়ে দেওয়া যায়। ছোট ছোট ছেলে মেয়েকে লেখা পড়া শেখানো খুবই দুরুহ কাজ। যে কাজটি আমরা করে থাকি। আমার দীর্ঘ চাকরি জীবনে যদি কখনও কারো সাথে খারাপ আচরন থাকি তাহলে নিজ গুনে ক্ষমা করে দেবেন।

প্রধান অতিথি বলেন আপনারা সকলে মানুষ গড়ার কারিগর, এই মাহান ব্রত সকলে পালন করতে পারে না।একজন পিতা মাতা,তাদের ছোট সন্তান কে

আপনাদের হাতে ছেড়ে দিয়ে নিশ্চিত হয়।আপনারা কিন্ত পিতা মাতার দায়িত্ব সহ শিক্ষকের দায়িত্ব পালন করেন।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ৯নং ওয়ার্ড কাউন্সিলর সাইফুল ইসলাম, সহকারি শিক্ষক নায়মা আফরোজ,ফাতেমা আক্তার,তামান্না আরেফিন,সাবিনা আক্তার,মিতা রানী সাহা,ও ইমরান হোসেন প্রমুখ।এ ছাড়াও গ্রামের প্রাক্তন শিক্ষার্থীগন সভায় উপস্থিত ছিলেন। বন্ডবিল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শিরিন জাহান তার বর্ণাঢ্য চাকুরি জীবন থেকে অবসরজনিত বিদায়ে আমরা সাবেক ছাত্র ছাত্রীদের সাথে সাক্ষাৎ করেন।

দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত ৫ শিক্ষককে বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গার দর্শনায় কেরু উচ্চ বিদ্যালয়ে অবসরপ্রাপ্ত ৫ শিক্ষকে বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্টিত হয়েছে। আজ বুধবার (৭ ফ্রেব্রয়ারি) সকাল ১১ টার দিকে কেরু উচ্চ বিদ্যালয় চত্তরে এ বিদায় সংবর্ধনা অনুষ্টিত হয়।

এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে কেরু উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আঃ রহিমের সভাপতিত্বে বিদায় সংবর্ধনা অনুষ্টিত হয়।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন কেরু এ্যান্ড কোম্পানীর ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

এ সময় তিনি বলেন, যারা বিদায় নিচ্ছেন কর্মক্ষেত্রে আপনাদের সাথে কাজের স্বার্থে ভুল হতে পারে। তাই নিজ গুনে ক্ষমা করে দেবেন, জীবনে স্বাভাবিকভাবেই আমাদেরকে বিদায় অনুষ্ঠানে অংশগ্রহণ করতে হয়। আর তাই বিদায় অনুষ্ঠানের বক্তব্যে তিনি বলেন,আপনার এই দীর্ঘ শিক্ষক জীবনে আপনারা যে উজ্জ্বল দীপ্তি দিয়ে আমাদের সকলকে

আলোকিত করেছেন, তা দু’এক কথায় বলে শেষ করা যাবে না। অবশ্যই ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখবেন। আবারো বিদায়ী শ্রদ্ধেয় শিক্ষককে জানাই শ্রদ্ধা ও অফুরন্ত ভালোবাসা।

এ সময় আরও উপস্থিত থেকে বক্তব্য রাখেন, কেরু এ্যান্ড কোম্পানীর মহা ব্যাবস্থাপক এ ডি এম ইউসুফ আলী,কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের ৯ম বারের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ,সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ,এ ছাড়া স্কুলের শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য সংবর্ধনা ও বিদায়ী শিক্ষকরা হলেন, সহকারী শিক্ষক নুরুল ইসলাম, মোছাঃ লতিফা খাতুন, আশরাফ হোসেন, মঈন উদ্দিন, ইকবাল রেজা। পরে কেরু উচ্চ বিদ্যালয়ের উদ্যোগে শিক্ষকদের মাঝে ক্রেষ্ট ও মানপত্র উপহার সামগ্রী দেওয়া হয়।এ সার্বিক অনুষ্ঠানটি উপস্থাপনা ও পরিচালনা করেন বিদ্যালয়ের সহকারী শিক্ষক ফারক।

চুয়াডাঙ্গায় দুই থানার ওসিকে বদলী জনিত বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা পুলিশ হতে বদলী জনিত বিদায়ী দুই অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক বিদায় সংবর্ধনা দেওয়া হয়েছে।

আজ শুক্রবার এগারোটার সময় চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা দুই থানার অফিসার ইনচার্জকে আনুষ্ঠানিক ভাবে বিদায় সংবর্ধনা প্রদান করেন।

চুয়াডাঙ্গা জেলা পুলিশে কর্মরত পুলিশ পরিদর্শক(নিঃ) চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মাহাব্বুর রহমান ও আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ পুলিশ পরিদর্শক(নিঃ) বিপ্লব কুমার নাথ। সম্প্রতি চুয়াডাঙ্গা জেলা হতে চুয়াডাঙ্গা থানার অফিসার ইনচার্জ ঝিনাইদহ জেলা পুলিশের মহেষপুর থানা অফিসার ইনচার্জ এবং আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ হতে নড়াইলের নড়াগাতি থানার অফিসার ইনচার্জ হিসেবে বদলির আদেশপ্রাপ্ত হন।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল-আজাদ পিপিএম- সেবা, সহকারি পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, টিআই প্রশাসন ওলিউজ্জামানসহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারগণ।

গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যাপক হাবিব-উল্লাহ বিদায় সংবর্ধনা

গাংনী মহিলা ডিগ্রী কলেজের হিসাব বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক হাবিব উল্লাহ বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১১ টার সময় কলেজের শিক্ষক মিলনায়তন রুমে নানা আয়োজনের মধ্য দিয়ে এ বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গাংনী মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে ও সহকারী অধ্যাপক মহিবুর রহমান মিন্টুর সঞ্চালনায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন (ভার্চুয়ালী) কলেজের গভর্নিং বডির সভাপতি এ এস এম ইমন।

বিশেষ অতিথি ছিলেন গাংনী মহিলা ডিগ্রী কলেজের গভর্নিং বডির সদস্য নকিম উদ্দিন।

এ সময় বিদায়ী সহকারী অধ্যাপক হাবিব উল্লাহকে নিয়ে আবেগময় ও দীর্ঘ কর্মময় জীবনের বিভিন্ন স্মৃতিচারণ করেন কলেজের অধ্যক্ষ খোরশেদ আলী সহ সহকারী সকল শিক্ষকগণ।

তিনি ২০০৭ সালে গাংনী মহিলা ডিগ্রী কলেজে সহকারী অধ্যাপক হিসাবে যোগদান করেন। দীর্ঘ দিন সুনামের সাথে দায়িত্ব পালন শেষে গত ১০/১১/২৩ তারিখে তিনি অবসর গ্রহণ করেন।

বিদায় সংবর্ধনা শেষে মাইক্রো যোগে তাকে কলেজ প্রাঙ্গণ থেকে তার

নিজ বাড়ি হোগলবাড়ীয়া গ্রামে নিয়ে যাওয়া হয়।

এ সময় কলেজের সকল সরকারী অধ্যাপক, কর্মকর্তা- কর্মচারীদের ফুলেল শুভেচ্ছায় সিক্ত হন বিদায় সহকারী অধ্যাপক হাবিব উল্লাহ।

মেহেরপুরে তিন বিচারকের বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

মেহেরপুর জেলা জজ আদালত ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে সম্প্রতি বদলি হওয়া তিন বিচারককে বিদায় সংবর্ধনা দিয়েছে মেহেরপুর বিচার বিভাগ।

মঙ্গলবার (৭ নভেম্বর) দুপুর সাড়ে তিনটার সময় মেহেরপুর জেলা জজ আদালতের সম্মেলন কক্ষে জেলা জজ আদালতের সরকারি জজ আরিফা আফরিন আঁখি, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এস এম শরিয়ত উল্লাহ এবং সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ তরিকুল ইসলাম কে বদলি জনিত কারণে বিদায় সংবর্ধনা দেয়া হয়।

বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে মেহেরপুর জেলা ও দায়রা জজ আদালতে বিচারক মোঃ শহিদুল্লাহ্, চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আবু বকর সিদ্দিকসহ বিচারকগণ এবং আদালতের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষের বিদায় সংবর্ধনা

অনুষ্ঠিত

মেহেরপুর সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদারের অবসরোত্তর ছুটিতে গমন উপলক্ষ্যে বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার বেলা সাড়ে ১১ সময় কলেজ শিক্ষক মিলনায়তনে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর খুরশীদ আলমের সভাপতিত্বে এবং শিক্ষক পরিষদের সম্পাদক শিক্ষক সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন ধুমকেতুর সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংবর্ধিত অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার, সদ্য বিদায়ী উপাধ্যক্ষ প্রফেসর আব্দুর রাজ্জাক।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন শিক্ষক পরিষদের যুগ্ন সম্পাদক মিলন মন্ডল। অনুষ্ঠানে স্মৃতিচারণ করে বক্তব্য রাখেন অধ্যক্ষ শফিউল ইসলাম সরদারের সহধর্মিণী মিসেস রেহেনা বেগম,অধ্যক্ষ পুত্র মিনহাজুল ইসলাম সাইফ,রসায়ন বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুল লতিফ,হিসাববিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক গাজী নজরুল ইসলাম,অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমান,রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ও শিক্ষক পরিষদের সাবেক সম্পাদক ফুয়াদ হাসান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথা, পদার্থবিদ্যা বিভাগের অবসরপ্রাপ্ত সহকারী অধ্যাপক খসরু,ইসলাম, বাংলা বিভাগের মইনুল ইসলাম, ব্যবস্থাপনা বিভাগের মুন্সী রাশেদুল হক,, গণিত বিভাগের সহকারী অধ্যাপক নজিউর রহমান, ইংরেজী বিভাগের মীর মাহফুজ আলী বাংলা বিভাগের প্রভাষক সানজিদা ফেরদৌস, প্রাক্তন লাইব্রেরিয়ান মিনা পারভিন কর্মচারীদের পক্ষ থেকে সালমা আক্তার, কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হোসেন আসিফ ও সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন বক্তব্য রাখেন।

বক্তারা শফিউল ইসলাম সরদারের এই কলেজে অধ্যক্ষ হিসেবে তার সফলতা ও কর্মের প্রশংসা করেন। একজন সফল প্রশাসক ও অভিভাবক হিসেবে জেলা সদরের এই বৃহৎ কলেজটির উন্নয়নে তার অবদানের কথা স্বরণ করেন। বক্তারা কলেজ অধ্যক্ষ কে একজন দক্ষ প্রশাসক, অতিথিপরায়ণ ও সর্বোপরি একজন ভাল ও সফল মানুষ হিসেবে উল্লেখ করেন।

বিশেষ করে কলেজটির ২ টি পাচতলা বিল্ডিং সহ সার্বিক অবকাঠামো উন্নয়নে তিনি নিরলসভাবে কাজ করেছেন বলে তারা উল্লেখ করেন। শফিউল ইসলাম সরদার দীর্ঘ সাড়ে ছয় বছর এই কলেজের অধ্যক্ষ হিসেবে দায়িত্ব

পালন কালে কলেজের সামগ্রিক উন্নয়নের কথা তুলে ধরেন। শফিউল ইসলাম সরদার তার বক্তব্যে দীর্ঘ ৩৩ বছরের শিক্ষকতা জীবনের বিভিন্ন দিকের কথা উল্লেখ করেন। তিনি অধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালনকালে সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। কলেজ শফিউল ইসলাম সরদার মেহেরপুর সরকারী কলেজে যোগদানের আগে যশোর সরকারী এমএম কলেজে রসায়ন বিভাগের বিভাগীয় প্রধান ও উপাধ্যক্ষ হিসেবে দায়িত্ন পালন করেন।

গাংনী থানার অফিসার ইনচার্জ আব্দুর রাজ্জাকের বিদায় সংবর্ধনা

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাককে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির পক্ষ থেকে বিদায়ী সংবর্ধনা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতে উপজেলা শিল্পকলা একাডেমিতে এ সংবর্ধনা প্রদান করা হয়।

সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, গাংনীর শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, গাংনী থানার বিদায়ী ওসি আব্দুর রাজ্জাক।

সাংবাদিক জুলফিকার আলী কাননের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, সিনিয়র সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী আমিরুল ইসলাম অল্ডাম, লুৎফুন্নেছা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, তুলা উন্নয়ন বোর্ডের সাবেক কর্মকতার আব্দুল ওয়াদুদ, দেবীপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম, সাংস্কৃতিক কমী আজিজুল হক রানু ।

এছাড়াও অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা শিল্পকলা একাডেমির শিক্ষক এস এম সেলিম রেজা, সাংবাদিক ও সাংস্কৃতিক কর্মী সাহাজুল ইসলাম সাজু, চ্যানেল আই ক্ষুদে গানরাজ কন্ঠশিল্পী উদয়

বাউল, প্রভাষক ও সাংবাদিক রফিকুল ইসলাম বকুল, কণ্ঠশিল্পী রোজিবুল ইসলাম, ও সাংবাদিক সাইদ হাসান প্রমুখ।

উল্লেখ্য, গাংনী থানার ওসি মোহাম্মদ আব্দুর রাজ্জাক বদলীজনিত কারনে যশোরের কতোয়ালী থানায় যোগদান করবেন। তিনি গাংনীতে ১ বছর ১০ মাস কর্মরত ছিলেন।

মেহেরপুর জেলা প্রশাসকের বিদায় সংবর্ধনা

গাংনীতে আবেগঘন পরিবেশে মেহেরপুরের জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলামের বিদায় সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল ১০ টার সময় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত বিদায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু।

প্রধান অতিথি ছিলেন বিদায়ী জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন ডিসি পত্নি ও বাংলাদেশ সুপ্রিম কোর্টের আইনজীবী দেওয়ান ফেরদৌস আরা।

এসময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক, সাবেক এমপি মকবুল হোসেন, জেলা আওয়ামীলীগের সহ-সভাপতি ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম,গাংনী পৌর মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারি ডিগ্রি কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুর রাজ্জাক, গাংনী মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, তেতঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস পচু, মটমুড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহেল আহম্মেদ, কাথুলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা, কাজিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মু. আলম হুসাইন, বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু, ধানখোলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান

আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেন, উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মজিরুল ইসলাম মিয়া, ইটভাটা মালিক সমিতির সভাপতি এনামুল হক, সিনিয়র সাংবাদিক ফারুক আহম্মেদ, সাংবাদিক রফিকুল ইসলাম বকুল প্রমুখ।

উপস্থিত ছিলেন, সরকারি দফতরের কর্মকর্তা, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, শিক্ষক, মসজিদের ইমামসহজ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ।

আলমডাঙ্গায় জেলা প্রশাসকের বদলিজনিত বিদায় সংবর্ধনা

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খানঁ ও জেলা প্রশাসক পত্নী মেহনাজ খাঁন বাঁধনকে আলমডাঙ্গা উপজেলা পরিষদ এবং উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বদলিজনিত বিদায় সংবর্ধনা জানানো হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৬ টায় উপজেলা পরিষদ হলরুমে সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন এবং বিদায়ী জেলা প্রশাসকের দৃষ্টিনন্দিত কর্মের স্মৃতিচারণ করে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস।

উপজেলা রিসোর্স সেন্টারের ইন্সট্রাকটর আনারুল ইসলামের সঞ্চালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বিদায়ী জেলা প্রশাসক আমিনুল ইসলাম খাঁন। তার আগেই বিদায়ী বক্তব্য রাখেন জেলা প্রশাসক পত্নী মেহনাজ খাঁন বাঁধন। জেলা প্রশাসক আমিনুল ইসলাম খাঁন চুয়াডাঙ্গা জেলায় দায়িত্ব পালনকালে নানামুখী উন্নয়ন, দক্ষতা ও সফলতার কথা তুলে ধরে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান আয়ুব হোসেন।

আরও বক্তব্য রাখেন আলমডাঙ্গা পৌরসভার মেয়র হাসান কাদির গনু, সহকারী কমিশনার ভুমি রেজওয়ানা নাহিদ, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা সোহেল রানা, প্রাণীসম্পদ কর্মকর্তা আব্দুল্লাহিল কাফি, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক, উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ-সহকারী প্রকৌশলী হাসিবুজ্জামান, মহিলা

বিষয়ক কর্মকর্তা মাকসুরা জান্নাত, তথ্য আপা স্নিগ্ধা দাস, বীর মুক্তিযোদ্ধা মইনুদ্দিন পারভেজ, আইলহাঁস ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিনহাজ উদ্দীন, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিপুল জোয়াদ্দার, ভাঙবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহানুর রহমান সোহান, জেহালা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মকলেছুর রহমান সিলন, কালিদাসপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশাদুল হক মিকা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ সহ স্থানীয় গণমাধ্যমকর্মীগণ। বিদায় অনুষ্ঠান শেষে উপজেলা পরিষদ, উপজেলা প্রশাসন ও ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে জেলা প্রশাসককে ভালোবাসার নিদর্শন স্বরূপ পৃথক পৃথকভাবে সম্মাননা স্মারক ও ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়।

দামুড়হুদায় জেলা প্রশাসক ও তাঁর পত্নীর বিদায় সংবর্ধনা অনুষ্ঠিত

বদলিজনিত বিদায় চুয়াডাঙ্গা জেলা প্রশাক ও বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ আমিনুল ইসলাম খাঁন ও তারত্নী জেলা লেডিস ক্লাবের ম্যাচ মেহনাজ খাঁ বাঁধনের বিদায় সংবর্ধনা বৃদ্ধি করা হয়েছে।

আজ শনিবার বিকাল ৪টার সময় উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনের উত্তরে ব্যাখ্যার ক্ষেত্রে কক্ষ বিবর্ধনা অনুষ্ঠিত হয়।

তিনি ২০২২ সালের ১৩ জানুয়ারি চুয়াঙ্গা জেলা প্রশাসক হিসেবে যোগদান করেন। বদলিজনিত কারনে তিনি বিজ্ঞান ও প্রযুক্তি বিদায় নিয়ে মন্ত্রনানালয়ে যোগদান করবেন। বিবর্ধনা উপজেলা পরিষদের ফুলঝুরি সংকলন আলি আলি বাবু ও উপজেলা পরিষদের মুনাছু জয় রোকসানা মিতা।

দামুড়হুদা উপজেলা পরিষদের আলী মুহম্মদ আলী মুহম্মদ বাবুর সভাপতিত্বে সংসদ সদস্য প্রধান প্রধান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিন ইসলামুল খাঁন। বিদায়ী প্রধান প্রধান ব্যক্তিকে